Registration No. RN 16691/68. Phone---(03472) / 252875 Postal Registration No. N.N.DN/ 59/2024-2026

নদীয়া ডিস্ট্রিক্ট স্পোর্টস নিউজ

Website : www.nadiadsa.org
email : nadia.dsa2008@gmail.com

Nadia District Sports News ✺ নদীয়া জেলা ক্রীড়া সংস্থার পাক্ষিক পত্রিকা

৫৯ বর্ষ | ১৬তম সংখ্যা | ১৫ই নভেম্বর, ২০২৬ | ২৮শে কার্ত্তিক ১৪৩৩ | রবিবার

বার্ষিক সডাক ২৫০ টাকা
ক্লাব ও টুর্নামেন্টের জন্য ১০০ টাকা

পঞ্চাশে ফিরে দেখা

নির্মল সান্যাল

(নির্মল সান্যাল সম্প্রতি প্রয়াত হয়েছেন।
এই পত্রিকার ৫০বর্ষে (২০১৭ সালে) তাঁর এই লেখাটি পুণঃমুদ্রিত হলো।)

১৯৬৮ সালের জুন কি জুলাই মাস হবে। আমার বন্ধু দেবুগুপ্ত খবর দিল, বদরুদ্দীন সাহেব আমাকে ডেকেছেন, স্টেডিয়ামে গিয়ে তাঁর সঙ্গে একবার দেখা করতে হবে। দেবুগুপ্ত তখন জেলা ক্রীড়া সংস্থার একজন নিম্নবর্গীয় পদাধিকারী আর এস. এম. বদরুদ্দীন সংস্থার সাধারণ সম্পাদক। কিছুদিন আগে পর্যন্তও কৃষ্ণনগর লীগের খেলায় নিয়মিত অংশ নিয়েছি, স্টেডিয়াম ছিল পরিচিত জায়গা। কর্মকর্তাদের অনেককেই চিনতাম, তাই নির্ভয়ে গিয়ে দেখা করলাম বদরদার সঙ্গে। বদরদা ছিলেন আমার কাকা নারায়ণ সান্যালের সমবয়সী তবুও খেলার মাঠের দস্তুর অনুযায়ী আর সবাইয়ের মতো তাঁকেও আমি দাদা বলেই ডাকতাম। যাইহোক, কথামত স্টেডিয়ামে গিয়ে বদরদার সঙ্গে দেখা করলাম একদিন। তিনি আমাকে নিয়ে কর্মকর্তাদের ডেকে একটা ছোটখাটো বৈঠক করলেন তাঁর ঘরে বসে। তখন অবশ্য জেলা স্টেডিয়ামে একটিই ঘর সম্পূর্ণ তৈরী হয়েছে - সেটিকেই দু'ভাগ করে সাধারণ সম্পাদকের ঘর আর অফিসঘর হিসাবে ব্যবহার করা হয়। সেখানে আমাকে জানানো হল নদীয়া জেলা ক্রীড়া সংস্থা একটি পাক্ষিক পত্রিকা প্রকাশ করবে ঠিক হয়েছে যাতে সংস্থার কার্যকলাপের খবর এবং প্রয়োজনীয় বিজ্ঞপ্তি ইত্যাদি প্রকাশ করা হবে। জেলা সংস্থা অনুমোদিত জেলার সমস্ত ক্লাব ও টুর্ণামেন্ট পরিচালক সংস্থা এই পত্রিকার বাধ্যতামূলক সদস্য হবে। আমাকে সেই পত্রিকা সম্পাদনার দায়িত্ব নিতে হবে এই প্রস্তাব দেবার জন্যই আমাকে ডেকে আনা হয়েছে। তখন আমি একটু আধটু সাহিত্য চর্চা করি, স্থানীয় মানী সাহিত্য পত্রিকা 'হোমশিখা' সম্পাদনায় সম্পাদক কালিপ্রসাদ বসুকে (রানুদা) সাধ্যমত সাহায্য করি লেখাটেখা গুছিয়ে দিয়ে বা প্রুফ সংশোধন করে দিয়ে যে সংবাদটা দেবু গুপ্তের জানা ছিল (কারণ, সেই আমাকে প্রথম হোম শিখা দপ্তরে নিয়ে গিয়েছিল)। মনে হয় সেই সূত্রেই আমাকে স্টেডিয়ামে ডেকে নিয়ে গিয়ে এই প্রস্তাব দেওয়ার পরিকল্পনা হয়েছিল।

এই প্রস্তাব পেয়ে আমি একটু হতবুদ্ধি হয়ে পড়েছিলাম। স্কুল-কলেজের পত্রিকার সম্পাদক হিসেবে বা সাহিত্য পত্রিকার সম্পাদনায় যৎকিঞ্চিত সহায়তা করবার অভিজ্ঞতা থাকলেও একটা নিয়মিত প্রকাশযোগ্য হাউস ম্যাগাজিন সম্পাদনা করতে পারব কিনা সেই সন্দেহে দোদুল্যমান হয়ে পড়েছিলাম। তার ওপরে একটা বিধিবদ্ধ অর্থাৎ রেজিস্টার্ড সোসাইটির মুখপত্রকেও উপযুক্ত কর্ত্তৃপক্ষের কাছ থেকে রেজিস্ট্রেশন ইত্যাদি নিতে হবে এইসব ভাবনাও মনে প্রশ্ন তুলছিল। আমি সেই মুহূর্তে রাজী না হয়ে একটু চিন্তাভাবনার সময় চেয়ে নিয়েছিলাম। এরপরের বৈঠকে আমি পত্রিকা চালানোর ভার নিলাম বটে কিন্তু পত্রিকার সম্পাদক হতে রাজী হলাম না। কারণ, তখন বিভিন্ন পত্রিকার বিরুদ্ধে প্রায়ই নানা কারণে আদালতে মামলা হ'ত যার জন্যে পত্রিকা সম্পাদককে কোর্ট-কাছারীতে ছোটাছুটি করতে হত আর এই ব্যাপারটা আমার কাছে খুবই অস্বস্তির এবং ভীতির ব্যাপার ছিল। তাই আমি প্রস্তাব দিলাম সংস্থার মুখপত্র হিসাবে যে পত্রিকা প্রকাশিত হবে তার সম্পাদক হওয়া উচিত সংস্থার সাধারণ সম্পাদকেরই কারণ তিনিই সংস্থার প্রধান কার্যনির্বাহী এবং প্রধান মুখপাত্র। আমি সম্পাদক হতে ইচ্ছুক নই কিন্তু অন্যান্য সব দায়িত্ব বহন করতে রাজী। আমি জানতাম বদরুদ্দীন সাহেব এর আগেও একটা পাক্ষিক সংবাদপত্র 'নদীয়া সমাচার' চালিয়েছেন বেশ কিছুদিন। সুতরাং পত্রিকা সম্পাদনার ব্যাপারে তাঁর অভিজ্ঞতা আছে, তদুপরি নিজে আইনজীবী হওয়ার কোর্ট কাছারীর যে কোন সমস্যাও তাঁর পক্ষে সামলানো সহজ হবে। আমার এইসব যুক্তি মেনে নিয়ে শেষ পর্যন্ত তাই স্থির হল। প্রকাশমান নদীয়া ডিস্ট্রিক্ট স্পোর্টস নিউজ-এর সম্পাদক হবেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক বদরুদ্দীন সাহেব আর আমি হব পত্রিকার সহ-সম্পাদক।

এরপর শুরু হল পত্রিকা প্রকাশ এবং তৎসংক্রান্ত প্রয়োজনীয় বিভিন্ন সরকারী দপ্তরের অনুমোদন সংগ্রহের তৎপরতা। কেন্দ্রীয় সরকারের পত্রিকা নিবন্ধন দপ্তরের রেজিস্ট্রেশন সংগ্রহ, ডাক বিভাগের কাছ থেকে পোস্টাল দপ্তরের ডাকমাশুল সুবিধার জন্য পোস্টাল রেজিস্ট্রেশন, পত্রিকায় প্রকাশের জন্য জেলা ক্রীড়া সংস্থার নিজস্ব নোটিশ-বিজ্ঞপ্তির পাশাপাশি জেলার বিভিন্ন জোনাল সংস্থার ও ক্লাবগুলিরও প্রয়োজনীয় সংবাদ ও বিজ্ঞপ্তি প্রকাশের জন্য তাদের সঙ্গে যোগাযোগ করা, কাগজ ছাপানোর জন্য প্রেসের সঙ্গে চুক্তি করা ইত্যাদি হরেক রকম তৎপরতার সঙ্গে এগিয়ে চলল পত্রিকা প্রকাশের উদ্যোগ। ঠিক হল প্রতিমাসের ১লা এবং ১৫ই তারিখে পত্রিকার একটি করে সংখ্যা প্রকাশিত হবে এবং মুদ্রাকর হিসাবে শ্রীভারতী প্রেসের শচীন সিংহ রায় দায়িত্ব নেবেন। আরও ঠিক হল ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসে স্পোর্টস নিউজ-এর প্রথম সংখ্যা প্রকাশিত হবে।

জেলা ক্রীড়া সংস্থার সঙ্গে সেই সময়ে যুক্ত সকলের উৎসাহ ও প্রচেষ্টায় ১৯৬৮ সালের ১৫ই আগস্ট প্রকাশিত হল নদীয়া ডিস্ট্রিক্ট স্পোর্টস নিউজ-এর প্রথম সংখ্যা। নদীয়া জেলা ক্রীড়া সংস্থা একটি অনন্য নজির স্থাপন করে ফেলল এই পত্রিকা প্রকাশের সঙ্গে সঙ্গে। তখন অন্য কোন জেলা ক্রীড়া সংস্থা তো দূরস্থান রাজ্যের কোন রাজ্যস্তরের ক্রীড়া সংস্থারও নিজস্ব মুখপত্র বা হাউস ম্যাগাজিন ছিলনা। এ বিষয়ে নদীয়া জেলাই ছিল পাইওনিয়ার বা অগ্রপথিক।

NADIA DISTRICT SPORTS ASSOCIA

DISTRICT STADIUM, KRISHNAGAR, NADIA.

NOTICE

Notice is hereby given that the Election Meeting for the election of Members of the Governing Body of the Nadia District Sports Association for the term 2026-2028 will be held on **6th December, 2026** at the Conference Room of D. L. Roy Memorial District Stadium, Krishnagar, Nadia at **11.30 P.M.** in the undermentioned manner and order.

All eligible voters are requested to attend the meeting.

Representatives of the Clubs & Tournaments shall produce respective Letters of Authority before the Chairman of the Election Meeting in the prescribed form obtainable before hand from the General Secretary.

[N.B. :- The members who will come to attend the meeting are requested to bring identity card (Aadhar Card / Voter ID) with them].

1. Election of **20** members from 'A' Class Clubs by the 'A' Class Club Voters.
2. (i) Election of **One** 'B' Class Club Member by the 'B' Class Club Voters from each of the following Zones :

   Aranghata, Badkulla, Chapra, Dhubulia, Haringhata, Kaliganj, Karimpur, Krishnaganj, Nakashipara, Palashipara and Tehatta.

   (ii) Election of **Two** 'B' Class Club Members by the 'B' Class Club voters from each of the following zones :

   Chakdaha, Kalyani, Krishnagar, Nabadwip, Ranaghat and Santipur.
3. Election of **three** representatives to be elected by the Tournament Voters.

Date : 15.11.2026
Krishnagar

Sd/-
Koushik Mondal
Hony. General Secretary, NDSA

Sd/-
Samsujjaman
WBCS (Exe.) District Youth Officer, Nadia &
Returning Officer NDSA

NADIA DISTRICT SPORTS ASSOCIATION

DISTRICT STADIUM, KRISHNAGAR, NADIA.

NOTICE

Notice is hereby given that the Annual General Meeting of the Nadia District Sports Association will be held at D. L. Roy Memorial District Stadium, Krishnagar on 6th December, 2026 immediately after the scheduled Election Meeting. Eligible members are requested to attend the meeting.

Representatives of Clubs and Tournaments shall produce Letters of Authority in the prescribed form to be collected from the undersigned. [N.B. :- The members who will come to attend the meeting are requested to bring identity card (Aadhar Card / Voter ID) with them].

AGENDA :

1. Confirmation of the proceedings of the last Annual General Meeting held on 24.08.2025.
2. Consideration and adoption of the report of the General Secretary with such modification as the meeting may consider necessary.
3. Consideration and adoption of the report of the Treasurer and Audited Statement of Accounts with such modification as the meeting may consider necessary.
4. Appointment of a duly qualifed Auditor for the year 2026-2027.
5. Declaration of names of the Clubs and Tournaments elected to the Governing Body and of the Ex-officio Members of the Governing Body for the term - 2026-2028.
6. Consideration of any other business for which due notice has been given at least three days before the Annual General Meeting.

Sd/-
Koushik Mondal
Hony. General Secretary
Nadia District Sports Association

Date : 15.11.2026
Krishnagar

NADIA DISTRICT SPORTS ASSOCIATION

DISTRICT STADIUM, KRISHNAGAR, NADIA.

NOTICE

Notice is hereby given that the 1st Meeting of the Governing Body for the term 2026-2028 will be held on 6th December, 2026 at D. L. Roy Memorial District Stadium, Krishnagar immediately after the scheduled Annual General Meeting is over, to transact the following business :

Eligible members are requested to attend the meeting with Letters of Authority in the prescribed form to be collected from the undersigned. [N.B. :- The members who will come to attend the meeting are requested to bring identity card (Aadhar Card / Voter ID) with them].

AGENDA :

1. Co-option of **three** members of the Governing Body from organisers of sports of the District.
2. Co-option of **two** members of the Governing Body from Life Members of the District Stadium, Krishnagar.
3. Election of **not more than Four** Vice-Presidents and election of the one of them as Chairman of the Working Committee.
4. Election of the Honourary General Secretary.
5. Election of the Honourary Treasurer.
6. Election of the representatives of the Association to the State and other organisations.
7. Change of operator of Bank Account, if necessary.
8. Any other business with the permission of the Chair.

Sd/-
Koushik Mondal
Hony. General Secretary
Nadia District Sports Association

Date : 15.11.2026
Krishnagar

এই পত্রিকা প্রকাশের বিষয়ে পরবর্তীকালে পশ্চিমবঙ্গ পত্রিকার নদীয়া জেলা সংখ্যায় প্রকাশিত এক প্রবন্ধে নভেম্বর, ১৯৯৭ স্পোর্টস নিউজের প্রথম সম্পাদক এস. এম. বদরুদ্দীন সাহেব লিখেছিলেন, ''১৯৬৮ সালের ১৫ই আগষ্ট নদীয়া ডিস্ট্রিক্ট স্পোর্টস নিউজের প্রথম সংখ্যা রেজিস্টার্ড পাক্ষিক সংবাদ পত্ররূপে প্রকাশিত হয় তখন আমি জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক পদে অধিষ্ঠিত ছিলাম। সুতরাং আমাকেই পত্রিকা সম্পাদনের দায়িত্ব দেওয়া হয়। কিন্তু সাহিত্য ও ক্রীড়ানুরাগী শ্রী নির্মল সান্যাল সহ-সম্পাদকের দায়িত্ব সেই প্রথম সংখ্যা থেকে অদ্যাবধি নিষ্ঠার সঙ্গে পালন করে আসছেন, মাঝে তাঁর অনুপস্থিতিতে দেবুগুপ্ত সহ-সম্পাদক ছিলেন। এই পত্রিকা তখন মফঃস্বলের প্রথম ও একমাত্র ক্রীড়াপত্রিকা ..... জেলার সর্বত্র এ্যাসোসিয়েশনের বক্তব্য ও জেলার সকল অঞ্চলের খেলাধূলার সংবাদ সর্বত্র প্রচারের উদ্দেশ্যেই এই পত্রিকা প্রকাশ করা হয়। প্রকাশের পর থেকে অদ্যাবধি জেলার সকল প্রান্তের খেলাধূলার বিবরণ এবং জেলার খেলাধূলার কার্যসূচীও ১৫ দিন অন্তর পৌঁছে যাচ্ছে জেলার সকল ক্লাবে এবং সংস্থায়।''

নদীয়া জেলা ক্রীড়া সংস্থা ক্রীড়া সংগঠক সংস্থা হিসাবে একসময়ে সাংগঠনিক বৈশিষ্ট্যে রাজের সব জেলার মধ্যে অগ্রণী ছিল। ১৯৮১ সালে বিখ্যাত ক্রীড়া সংগঠক ও প্রশাসক জগমোহন ডালমিয়া বলেছিলেন, সাংগঠনিক দক্ষতায় নদীয়া জেলা ক্রীড়া সংস্থা অন্যান্য জেলার পথিকৃত। বাংলার বিখ্যাত দুই অগ্রণী ক্রীড়া সাংবাদিক মতি নন্দী ও চিরঞ্জীব যথাকক্রমে আনন্দবাজার পত্রিকা ও জেলা ক্রীড়া সংস্থার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে প্রকাশিত স্মারকপত্রিকায় এই সংগঠন সম্পর্কে তাঁদের মত প্রকাশ করেছিলেন। মতি নন্দী লিখেছিলেন, নদীয়া জেলা ক্রীড়া সংস্থা সাংগঠনিক ক্ষেত্রে অন্যান্য জেলা সংস্থাগুলিকে টেক্কা দিয়েছে। আর চিরঞ্জীবের মন্তব্য ছিল, পশ্চিমবঙ্গের খেলাধূলায় নদীয়া অনেক বিষয়ে অগ্রণীর ভূমিকায়।

নদীয়া জেলা ক্রীড়া সংস্থার ক্রীড়া সংগঠনের এই যে দক্ষতা এবং উৎকর্ষতায় উত্তরণ ঘটেছিল তার পেছনে সংস্থার সর্বস্তরের কর্মী এবং পরিচালকদের মানসিকতা, আন্তরিকতা, কর্মপ্রণোদনা, দূরদৃষ্টি ও পরিশ্রম যেমন ছিল তার সঙ্গে ছি এই পত্রিকারও একটা ভূমিকা। সংগঠনকে দক্ষ ও বলশালী করে গড়ে তোলার ক্ষেত্রে স্পোর্টস নিউজ ছিল অন্যতম একটি কার্যকরী আয়ুধ। এই পত্রিকার প্রত্যেক সংখ্যাই নিয়মিত পৌঁছে যেত রাজ্যের বিভিন্ন ক্রীড়াশাখার রাজ্য সংস্থা বা স্টেট এ্যাসোসিয়েশন এবং সবকটি জেলা ক্রীড়া সংস্থার দপ্তরে। ফলে রাজ্যস্তরের অনেক ক্রীড়া সংগঠক এবং কর্মকর্তারা নদীয়া জেলা ক্রীড়া সংস্থার কর্মকান্ডের সংবাদ নিয়মিত পেতেন। মাঝে মাঝে বিভিন্ন অবকাশে নদীয়া জেলার প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাতে সে সম্পর্কে মতামতও প্রকাশ করতেন তাঁরা।

আজকের দিনে নদীয়া ডিস্ট্রিক্ট স্পোর্টস নিউজ এই জেলার ক্রীড়া সংস্থাসমূহের এবং ক্রীড়াসংগঠক ও ক্লাব পরিচালকদের একটি অভ্যাসে পরিণত হয়ে উঠেছে। বহু সময় ধরে বহু পথ পরিব্রাজন করে এই পত্রিকা আজ যে এই পর্য্যায়ে এবং এই অভ্যাসে পরিণত হয়েছে তার পেছনে জেলা ক্রীড়া সংস্থার পরিচালক কর্মকর্তাদের অবদান অনস্বীকার্য। বিশেষ করে মনে পড়ে পূর্বতন সাধারণ সম্পাদক এবং জেলা সংস্থার ওয়ার্কং কমিটির প্রাক্তন চেয়ারম্যান রামকৃষ্ণ মোদকের কথা। স্পোর্টস নিউজ তাঁর কাছে ছিল একটা আবেগ এবং ভালবাসার বস্তু। সঠিক সময়ে পত্রিকা প্রকাশ এবং তা ঠিকভাবে সমস্ত সদস্যের কাছে ডাকযোগে পাঠাবার ব্যাপারে তাঁর মনে একটা আততি কাজ করত দেখেছি। চাকরীসূত্রে আমি যখন পুরুলিয়ায় থাকতাম তখন এমনও হয়েছে প্রায়ই রামকৃষ্ণ ডাকযোগে আমার কাছে পরবর্তী প্রকাশেয় সংখ্যার জন্য প্রয়োজনীয় লেখার তথ্য ও কাগজপত্র পাঠিয়ে দিতেন এবং আমি তার থেকে ম্যাটার তৈরী করে লেখার মেকআপ সহ আবার ডাকে ফেরৎ পাঠিয়ে দিতাম। মাঝে মাঝে লেখার প্রুফও এভাবেই আদান প্রদান হত। মুদ্রণের ব্যাপারটা রামকৃষ্ণ সামলে নিতেন। পত্রিকা নিয়মিত প্রকাশের ব্যাপারে এতটাই ছিল তাঁর উৎকণ্ঠা এবং কর্ত্তব্যবোধ ও ভালবাসা। রামকৃষ্ণেরই উৎসাহ ও তৎপরতায় এতাবধি প্রকাশিত নদীয়া ডিস্ট্রিক্ট স্পোর্টস নিউজ-এর প্রতিটি সংখ্যা সুন্দরভাবে বাঁধিয়ে পুস্তকাকারে রক্ষিত আছে জেলা ক্রীড়া সংস্থার স্পোর্টস লাইব্রেরীতে।

এই পত্রিকার সঙ্গে আমার প্রত্যক্ষ সংযোগ ছিল ১৯৬৮ সাল থেকে ২০০০ সালের মাঝামাঝি সময় পর্যন্ত। বত্রিশ বছর একটানা পত্রিকার সহ-সম্পাদক হিসাবে যুক্ত থাকার মধ্যে ১৯৭২ সালে সরকারী চাকরীতে যোগ দিয়ে মালদহে চলে যাবার ফলে কয়েকমাস অবকাশ নিয়েছিলাম বা নিতে বাধ্য হয়েছিলাম এই দায়িত্ব থেকে। সেই অবকাশজনিত সময়কালে দেবুগুপ্ত এই দায়িত্ব বহন করেছিলেন। ২০০০ সালে কোন কারণে আমি স্বেচ্ছায় এই পদ ছেড়ে দিয়েছিলাম। সেই সময়ে সহ-সম্পাদকের পদে বৃত হয়েছিলেন দেবাশীষ মণ্ডল। তাঁর পরে দায়িত্ব গ্রহণ করে এখনও কাজ চালিয়ে যাচ্ছে দেবাশীষ বিশ্বাস (ধ্রুব)।

আজ দীর্ঘ পঞ্চাশ বছর পরে পিছন ফিরে তাকিয়ে অবাক লাগে এই ভেবে যে, মফঃস্বলের একটা জেলা ক্রীড়া সংস্থা কিভাবে যতিহীন সফলতা ও ধারাবাহিকতার সঙ্গে একটা পত্রিকা নিয়মিত প্রকাশ করে আসছে যে পত্রিকার ভেতরে ধরা আছে নদীয়া জেলা ক্রীড়া সংস্থার কর্মতৎপরতা ও কর্মপ্রয়াসের ইতিবৃত্ত। ভবিষ্যতে এই সংস্থার কোন ইতিহাস প্রণয়ণের ক্ষেত্রে এই পত্রিকা হয়ে উঠবে প্রয়োজনীয় উপাদানের একটা আকরক্ষেত্র। আর এই একটা বৃহৎ কাজের সঙ্গে নিজেকে যুক্ত রাখতে পেরেছিলাম কোনও সময়ে এই কথা ভেবে রামচন্দ্রের সেতুবন্ধন কাজে সাহায্যকারী কাঠবেড়ালীর মতই আমার মনটাও গর্ব ও শ্লাঘা অনুভব করে।

ভারপ্রাপ্ত সম্পাদক – **কৌশিক মন্ডল**, সহঃসম্পাদক- **দেবাশীষ বিশ্বাস,** নদীয়া জেলা ক্রীড়া সংস্থার পক্ষে সম্পাদক কর্ত্তৃক প্রকাশিত ও বঙ্গরত্ন মেশিন প্রেস, চ্যালেঞ্জ মোড়, কৃষ্ণনগর হইতে মুদ্রিত।